গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
মহাখালী, ঢাকা।
www.dgnm.gov.bd

নং-৪৫.০৩.০০০০.০০৫.৯৭.০০২.২০-৮০৬ তারিখঃ ২৯.../০৩/২০২১ ইং

বিষয়ঃ নৈতিকতা সভার কার্যবিবরণী প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর কর্তৃক জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়নে গত ২৪.০৩.২০১১ তারিখ বিকাল ৪.০০ ঘটিকায় অনুষ্ঠিত অত্র অধিদপ্তর এর নৈতিকতা সভার কার্যবিবরণী সদয় অবগতি ও পরবর্তি ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

সংযুক্তি: ০২ পাতা।

সিদ্দিকা আক্তার
(অতিরিক্ত সচিব)
মহাপরিচালক
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।
ই-মেইলঃ info@dgnm.gov.bd

সচিব
স্বাস্থ্য সেবা বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
[দৃ: আ: উপসচিব, প্রশাসন-৪ (মনিটরিং ও সমন্বয়) অধিশাখা]

নং-৪৫.০৩.০০০০.০০৫.৯৭.০০২.২০-৮০৬/১(৪) তারিখঃ ২৯../০৩/২০২১ ইং

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

১। অতিরিক্ত সচিব (নার্সিং), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
২। উপসচিব(নার্সিং সেবা-১/২), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৩। উপপরিচালক, পিএমআইএস(পত্রটি ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো), নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।
৪। মহাপিরচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।

২৯/০৩/২০২১

সহকারী পরিচালক (সমন্বয়)
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
মহাখালী, ঢাকা-১২১২
www.dgnm.gov.bd

নং:৪৫.০৩.০০০০.০০৫.০৬.০০১.২০২১

তারিখঃ ২৪/০৩/২০২১ খ্রিঃ

## নৈতিকতা সভার কার্যবিবরণী

সভাপতিঃ সিদ্দিকা আক্তার, (অতিরিক্ত সচিব) মহাপরিচালক, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।
স্থানঃ সম্মেলন কক্ষ, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর।
তারিখ ও সময়ঃ ২৪/০৩/২০২১, বিকাল ৪.০০ টা।

সভাপতি উপস্থিত সকলকে স্বাস্থ্য বিধি মেনে আসন গ্রহনের অনুরোধ জানান এবং করোনা কালীন সময়ে যে সকল নার্স মারা গিয়েছেন সেই যোদ্ধাদের বিদেহী আত্মার মাগফেরাত কামনা করে অদ্যকার সভার কার্যক্রম শুরু করেন। করোনার বর্তমান পরিস্থিতি নিয়ে উদ্বিগ্ন না হয়ে স্বাস্থ্য বিধি মেনে অফিসিয়াল কাজ চালিয়ে যাওয়ার প্রত্যয় ব্যক্ত করেন । সভাপতি পরিচালক (প্রশাসন ওশিক্ষা ) কে সভার আলোচ্য সূচি উপস্থাপনের আহবান জানান। বিগত ২৬/০১।২০২১ তারিখে অনুষ্ঠিতব্য নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণীর উপর গুরুত্ব আরোপ করে নিম্ন বর্ণিত বিষয় সমূহে বিস্তারিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় ।

| ক্রমিক নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|---|
| ১ | ত্রৈমাসিক সভার প্রতিবেদন প্রেরনঃ সভাপতি ২০২০-২০২১ অর্থ বছরে শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি সম্পর্কিত প্রতিবেদন যথা সময়ে মন্ত্রনালয়ে প্রেরনের নির্দেশনা প্রদান করেন। | ২০২০-২০২১ অর্থ বছরে শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি সম্পর্কিত প্রতিবেদন আগামী ৩১/০৩/২০২১ তারিখের মধ্যে মন্ত্রনালয়ে প্রেরনের নির্দেশ প্রদান করেন। | সহকারি পরিচালক (সমন্বয়) |
| ২ | প্রাতিষ্ঠানিক গনশুনানীর ব্যবস্থা করা। যে সকল স্থানে জনগন নার্সিং সেবা পেয়ে থাকেন সেই সকল স্থানে গনশুনানী করা। নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের আওতাধীন সেবা প্রতিষ্ঠানে গনশুনানী করার প্রস্তাব দেওয়া হয়। | নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের আওতাধীন সেবা প্রতিষ্ঠানে গনশুনানী আয়োজন করা। | পরিচালক (প্রশাসন (শিক্ষা, প্রশিক্ষণ)। সহকারি পরিচালক (সমন্বয়) |
| ৩ | নৈতিকতা বিষয়ে স্টেকহোল্ডার সভাঃ নার্সিং ইন্সট্রাক্টর ইনচার্জ, জেলা পাবলিক হেলথ নার্স, নার্সিং সুপারিন্টেনডেন্টদের সমন্বয়ে নৈতিকতা বিষয়ে স্টেকহোল্ডার সভা করা। | নার্সিং ইন্সট্রাক্টর ইনচার্জ, জেলা পাবলিক হেলথ নার্স, নার্সিং সুপারিন্টেনডেন্টদের নিয়ে সভা করা এবং স্টেকহোল্ডারগন আবার নিজ নিজ কর্মস্থলে নৈতিকতা বিষয়ে সভা করবেন এবং সভায় উপস্থিত হাজিরা সীট ও সভার কার্য বিবরণী সভা অনুষ্ঠানের তিন কার্য দিবসের ভিতর অধিদপ্তর বরাবর প্রেরন করবেন। | পরিচালক (প্রশাসন, শিক্ষা, প্রশিক্ষণ), সহকারি পরিচালক (সমন্বয়) |
| ৪ | অন লাইন অভিযোগ নিস্পত্তিঃ বিভিন্ন সময়ে গনমাধ্যম ব্যবহার করে যেমন পেপার, ফেসবুক, হোয়াটস এ্যাপ, ই মেইল এর মাধ্যমে নানাবিধ অভিযোগ তুলে ধরেন যা খোজ খবর নিয়ে বা তদন্ত করে অভিযোগের ভিত্তিতে নিস্পত্তি করা প্রয়োজন। সকলকে এ বিষয়ে সতর্ক থাকতে হবে। ভিত্তিহীন অভিযোগ না করে প্রমান সাপেক্ষে অভিযোগ করতে হবে। | অন লাইনে যে সব অভিযোগ আসছে তা নিস্পত্তি করা হচ্ছে এবং এ প্রক্রিয়া চলমান থাকবে। | পরিচালক(প্রশাসন) ,শিক্ষা, প্রশিক্ষণ), সহকারি পরিচালক (সমন্বয়) |

| | | | |
|---|---|---|---|
| ৫ | নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের আওতাধীন প্রকল্প পরিদর্শনঃ নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের আওতাধীন যে সকল স্থানে প্রকল্প আছে, অধিদপ্তরের অর্থায়নে যা ক্রয় করা হচ্ছে সেই সব পরিদর্শনের উদ্যোগ গ্রহন করা। | নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের আওতাধীন যে সকল স্থানে প্রকল্প আছে, অধিদপ্তরের অর্থায়নে যা ক্রয় করা হচ্ছে সেই সব পরিদর্শনের উদ্যোগ গ্রহন করা। একটি পরিদর্শন কমিটি গঠন করা। কমিটির কার্যাবলী তৈরী করা। | পরিচালক (প্রশাসন ,শিক্ষা, প্রশিক্ষণ)। উপ-পরিচালক (প্রশাসন), সহকারি পরিচালক (সমন্বয়) |
| ৬ | স্বচ্ছতা ও জবাবদিহিতা শক্তিশালী করন। | ডিজিএন এম এর আওতাধীন প্রতিষ্ঠান সমূহের দায়িত্বরত কর্মকর্তা কর্মচারীদের স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করতে হবে। | পরিচালক (প্রশাসন ,শিক্ষা, প্রশিক্ষণ)। উপ-পরিচালক (প্রশাসন), সহকারি পরিচালক (সমন্বয়) |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে নৈতিকতা নিয়ে চলার অঙ্গিকার ব্যক্ত করে সভার সমাপ্তি ঘোষনা করেন।

সিদ্দিকা আক্তার
(অতিরিক্ত সচিব)
মহাপরিচালক
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর,ঢাকা।